

ফরম -৯

[বিধি ৮ (২) দ্রষ্টব্য]

মাদকদ্রব্য ব্যবহারের পারমিট ।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এর ধারা ১১ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৮ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা ----- নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার ----- তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে মাদকদ্রব্য ব্যবহারের জন্য পারমিট প্রদান করিল :

- ১। পারমিট প্রাপ্ত ব্যক্তি ও তাহার প্রতিষ্ঠানের নাম :-----
- ২। রেজিস্ট্রেশন/স্বাস্থ্য বিভাগ প্রদত্ত লাইসেন্স নং :-----
- ৩। ঠিকানা :-----
- ৪। মাদকদ্রব্য ব্যবহারকারী চিকিৎসকদের নাম ও রেজিস্ট্রেশন নং :-----
- ৫। যে সকল মাদকদ্রব্য ব্যবহার করিতে হইবে উহাদের বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম, রেসিপি (ফর্মুলা) ও পরিমাণসহ বিবরণ ।

শর্তাবলীঃ

১. এই পারমিট বাবদ প্রতি বৎসর ১৫ই জুনের মধ্যে ----- টাকা পারমিট ফি অগ্রিম পরিশোধ করিতে হইবে ।
২. ১লা জুলাই হইতে ৩০শে জুন কিংবা পারমিটে উল্লিখিত সময়ের জন্য এই পারমিট বহাল থাকিবে ।
৩. মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই পারমিট হস্তান্তর/স্থানান্তর যোগ্য নহে ।
৪. এই পারমিটে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোথায়েও মাদকদ্রব্য মজুত কিংবা ব্যবহার করা যাইবে না ।
৫. একমাত্র লাইসেন্সপ্রাপ্ত উৎপাদক কিংবা পাইকারী বিক্রেতা ব্যতীত অন্য কাহারও নিকট হইতে এই পারমিটের অধীন ব্যবহারযোগ্য মাদকদ্রব্য ক্রয় করা যাইবে না ।
৬. এই পারমিটে বর্ণিত মাদকদ্রব্য ব্যতীত অন্য কোন মাদকদ্রব্য ব্যবহার করা যাইবে না ।
৭. কেবলমাত্র পারমিটে অনুমোদিত পরিমাণ মাদকদ্রব্য ব্যবহার করা যাইবে ।
৮. এই পারমিটে উল্লিখিত চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতীত এবং অনুমোদিত নার্স ও কম্পাউন্ডার ব্যতীত অন্য কেহ এই পারমিটের আওতাভুক্ত মাদকদ্রব্য ব্যবহার করিতে পারিবে না ।

৯. কোন কারণে এই পারমিটে উল্লিখিত চিকিৎসক, নার্স ও কম্পাউন্ডার পরিবর্তন করিতে হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে করিতে হইবে। তবে সরকারী হাসপাতালের ক্ষেত্রে উক্ত অনুমোদন প্রয়োজন হইবে না।
১০. এই পারমিটের আওতাভুক্ত যাবতীয় মাদকদ্রব্য চুরি যাওয়া, বেহাত হওয়া কিংবা অপব্যবহার হওয়ার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
১১. একমাত্র চিকিৎসার উদ্দেশ্যে হাসপাতাল/ক্লিনিকে আওতাভুক্ত প্রকৃত রোগী ব্যতীত অন্য কাহারও উপর এই পারমিটের আওতাভুক্ত মাদকদ্রব্য প্রয়োগ বা ব্যবহার করা যাইবে না।
১২. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোন ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে দিনে বা রাত্রে যে কোন সময় এই পারমিট, উহার আওতাভুক্ত স্থাপনা, মজুত মাদকদ্রব্য, রেজিস্ট্রার, কাগজপত্র, হিসাবের খাতাপত্র, ক্যাশমেমো, প্রেসক্রিপশন ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে হইবে।
১৩. নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই পারমিটের আওতাভুক্ত মাদকদ্রব্যের হিসাব সংরক্ষণ করিতে হইবে।
১৪. এই পারমিটের কোন শর্ত ভংগ করা হইলে, কিংবা ইহার সহিত সংশ্লিষ্ট কোন আইন বা বিধির বিধান লংঘন করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উহা বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিতকরণসহ অন্য যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। এই জন্য একমাত্র বিভাগীয় আপীল ব্যতীত অন্য কোন ব্যবস্থা গ্রহণ করা কিংবা আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও পদবী

বিঃ দ্রঃ— এই পারমিট দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে পারমিটধারী উহার শর্তাবলী সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই পারমিটের উপরে বামদিকে প্রদানকারী কর্মকর্তার অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয়া গণ্য হইবে না।